


সুদূরের পিয়াসী • কান্তি মিত্র
ভ্রমণপিপাসু প্রকাশনী

# সুদুরের পিয়াসী

কান্তি মিত্র

ভ্রমণপিপাসু প্রকাশনী

ডিএল- ১০/১, সেক্টর-২, সল্টলেক

কলকাতা- ৭০০ ০৯১

সুদুরের পিয়াসী

Sudurer Piyashi *by Kanit Mitra*

ISBN : 978-81-954735-6-4

প্রথম প্রকাশ : ২২ শ্রাবন, ১৪২৬ (৮ আগস্ট, ২০১৯)
দ্বিতীয় প্রকাশ : ১৫ মাঘ ১৪২৯ (৩০ জানুয়ারী ২০২৩)

গ্রন্থস্বত্ব : প্রকাশক
(প্রকাশকের অনুমতি ব্যতিরেকে এই বইয়ের কোনো অংশ মুদ্রণ বা প্রতিলিপিকরণ আইন অনুযায়ী করা যাবে না।)

ভ্রমণপিপাসু প্রকাশনীর পক্ষে
মিলন গঙ্গোপাধ্যায় ও রুমা চক্রবর্তী কর্তৃক প্রকাশিত
কর্মসচিব : সমীর দাস

অক্ষর বিন্যাস ও মুদ্রণ
**এক্মি এন্টারপ্রাইজ**
১ পটুয়াটোলা লেন, কলকাতা-৭০০ ০০৯
মোবাইল : ৯৮৩০০৬০৩০৬

**অক্ষর বিন্যাস ও মুদ্রণ**
এল.আর.ইনফোটেক
৫৮, শ্রীরামপুর রোড (নর্থ), গড়িয়া, কলকাতা-৭০০ ০৮৪
মোবাইল : ৯৮০৪৫১৯৬১১

প্রাপ্তিস্থান ও প্রকাশক
**ভ্রমণপিপাসু প্রকাশনী**
ডিএল- ১০/১, সেক্টর-২, সল্টলেক, কলকাতা-৭০০ ০৯১
মোবাইল : ৮৬৯৭১৬৬৭১৩, ৮৯১০১৫৫৩৫৫, ৯৮৭৫৩৬৪৫৩১

বিনিময় : ৩৫০

# লেখকের কথা

কেন বেড়াতে যাব? বেড়াতে যাওয়া মানেই মনের আনন্দ, শরীরের আনন্দ, নতুন নতুন মানুষদের দেখার আনন্দ। আর নানা রঙের অভিজ্ঞতার কথা। দৈনন্দিন জীবনের একঘেয়েমি কাটাতে মাঝে মধ্যে সুদুরের সন্ধানে, কখনও মনে মনে, কখনও সুযোগ হলে সাধের জায়গায় চলে যাই। নতুন জায়গা দেখার সাথে সাথে নতুন মানুষকে পাওয়া যায়। শরীর মন ভরে ওঠে নির্মল আনন্দে। এই বেড়ানো আমাদের অনেক কিছু অপূর্ণ থেকে যাওয়ার কিছু ঘাটতি তা মেটায়। সেটাই বা কম কী। প্রকৃতি এমনি এক মায়া মুহূর্তে আপন করে নেয় অচেনাকে।

আগেকার দিনে মানুষ পুণ্যের জন্য তীর্থ ভ্রমণে যেতেন। পুণ্যের জন্য তীর্থ যাত্রা আসলে এটা একটা রোজকার রুটিন থেকে একটু মুক্তি পাওয়ার অন্য উপায়। দুর দুর অঞ্চলের মানুষরা এই তীর্থ যাত্রীদের উপর নির্ভর করে তাদের দৈনন্দিন জীবনযাপন করতেন। এসব জায়গার মধ্যে পাহাড়ে কেদার, বদ্রী, অমরনাথ আছে, সাগরে আছে গঙ্গাসাগর, আসামে কামরূপ কামাক্ষা এইরকম আর কী। আসলে তীর্থযাত্রায় গেলে এসব এলাকার মানুষেরা তীর্থযাত্রীদের টাকায় তাদের জীবনযাপন করতে পারেন।

আগে বেড়ানো হত জলপথে বা স্থলপথে। এখন হয় বিমানপথে। আবার জঙ্গলে প্রকৃতির কোলে আদিবাসী ডেরায় বসে গাইতে, নাচতে এক নতুন জীবনের স্বাদ পাওয়া। আসলে বেড়ানোর ভেতরে একটা পাঁচমিশেলি গন্ধ পাওয়া যায় যেমন গাড়ির ধোঁয়া, হট্টগোল, হালকা ঝাঁঝালো অথচ মিষ্টি ঝিমঝিম গন্ধ পরিবেশ বৈচিত্রপুর্ণ প্রকৃতি

ও মনের মিল প্রকৃতির সাথে এইরকম আর কী। বেড়ানোর কথা শুনলেই খুশির ঢেউ বয়ে যায় হৃদয় মাঝে। তবে খুশির কথা এখন ভারতবর্ষের যে প্রান্তেই বেড়াতে যাবেন সর্বত্রই পাঁচতারা হোটেল থেকে সাধারণ মানের হোটেল আছে। তাছাড়া একটু শহরের বাইরে অজস্র নামী-দামি, সাধারণ মানের হোটেল ও হোমস্টের ছড়াছড়ি। তাই দেশের বিভিন্ন প্রান্তে থাকার সুবিধা নিয়ে অহেতুক চিন্তার কারণ নেই। যোগাযোগ ব্যবস্থাও অনেক উন্নত। সর্বোপরি তথ্য প্রযুক্তিও একটা ভাল মাধ্যম যোগাযোগের ক্ষেত্রে।

কিন্তু একটি বিষয় মনে খুব ভয় জাগায় তা হল দূষণ। পরিবেশ দূষণ যেভাবে প্রকৃতিকে গোগ্রাসে গিলে খাচ্ছে একটি বিষয় পরিষ্কার আগামী দিনে প্রকৃতিপ্রেমীদের কাছে ভয়াবহ দুঃসংবাদ বয়ে আসতে চলেছে। যেমন কেদারনাথে ঘটে গেল ভয়ংকর ধ্বংসলীলা। যত্রতত্র হোটেল গড়ে ওঠা, গাছকাটা, নিকাশি ব্যবস্থা, সামুদ্রিক দূষণ, প্ল্যাস্টিকের লাগামহীন ব্যবহার সবমিলে এক দুঃসহ পরিবেশ গড়ে উঠেছে ঈশ্বরসৃষ্ট প্রকৃতির বুকে। পরিবেশ দপ্তর ভারতীয় ভূখণ্ডে কতখানি প্রাকৃতিক ভারসাম্যের প্রতি নজর রাখছেন জানি না তবে এ বিষয়ে এখনই সচেষ্ট না হলে আগামী দিনে প্রাকৃতিক বিপদ এড়ানো দায় হয়ে উঠবে।

অনেকেই এখন বিদেশ যান। কিন্তু আমাদের দেশে কত রূপে, রসে, বর্ণে, গন্ধে ভরা পাহাড়, সমুদ্র, জঙ্গলের জানা-অজানা জায়গা আছে তাদের এক জীবনে দেখে শেষ করা কার্যত অসম্ভব। এক নতুন ভাবনায় আর আঙ্গিকে, পরিবেশনের ধাঁচে বেড়াতে যাওয়ার খুঁটিনাটি তথ্য ও জায়গা সম্পর্কে আমি আমার অভিজ্ঞতা লিপিবদ্ধ করে গেলাম সেইসব ভবঘুরের কথা যারা মনে মনে বা সত্যি সত্যি বেড়াতে যেতে চায় তাদের কথা ভেবে। একজন পথিকের কাজে লাগলে আমি আমার প্রচেষ্টা সার্থক মনে করব।

## দ্বিতীয় সংস্করণ প্রসঙ্গে

শ্রী কান্তি মিত্র কর্মজীবনে দেশের নানা প্রান্তে মনের আনন্দে ঘুরে বেড়িয়েছেন। তার প্রথম পছন্দ ছিল পাহাড়। মূলত হিমালয় নিয়ে তার প্রথম বই ''সুদূরের পিয়াসী" আমারা প্রকাশ করি। এই বইটি দ্বিতীয় সংস্করণ ৩০শে জানুয়ারি২৩ প্রকাশিত হবে।

এর পর অসংখ্য মানুষের চাহিদা পূরণের জন্য 'সমগ্র লাদাখ' নিয়ে দ্বিতীয় বইটি আমরা প্রকাশিত করবো ৩০ শে জানুয়ারি ২৩। অন্তরের প্রেরণা থেকেই তার এই প্রচেষ্টা। এই বই দুটি পাঠকদের ভালো লাগবে বলেই বিশ্বাস।

ধন্যবাদান্তে

প্রকাশক

৮৬৯৭১৬৬৭১৩

# সূচিপত্র


- অমোঘ রূপের টানে অমরনাথ .... ৭
- অনায়াসে বারবার অরুণাচল .... ১৪
- মায়াবী কল্পা .... ২২
- আরু না বেতাব ভ্যালি? .... ২৫
- মায়াবতী .... ২৯
- রেশম পথের সুহানা সফরে .... ৩৫
- ভূ-স্বর্গের কয়েকটা দিন .... ৪২
- প্যাংগংয়ের হাতছানি .... ৪৮
- দেবভূমি দর্শনে ত্রিযুগী নারায়ণ ও বদ্রীনাথ ধাম .... ৫২
- রিশপ ছুঁয়ে অজানা গন্তব্য রোলেপ .... ৬০
- গাছ ঝাঁকাতেই ঝুরঝুর করে বরফ .... ৭১
- বাস ভ্রমণে স্বপ্নপূরণ .... ৭৮
- বরফিলা জোজিলা .... ৮৯
- আদি অকৃত্রিম রূপে ভরা কিন্নর-লাহুল-স্পিতি .... ৯৪
- আমার দার্জিলিং .... ১০১
- সবুজের মাঝে রহস্যের ছোঁয়া .... ১০৭
- খারদুংলা-নুব্রার যুগল বন্দী .... ১১৩

➢ অপরূপা মুন্সিয়ারী .... ১১৭

➢ ছিটকুলে এক রাত .... ১২২

➢ বিস্ময়কর পাতাল ভুবনেশ্বর ও শান্তশ্রী কৌশানি .... ১২৬

➢ ইয়ুসমার্গ-এক অচিন গাঁওয়ের রূপকথা .... ১৩২

➢ সবুজে সাদায় রহস্যময়ী কুমায়ুন .... ১৩৮

➢ চিত্তাকর্ষক ভ্রমণপথ— লেহ-শ্রীনগর .... ১৪৫

➢ কাঞ্চনজঙ্ঘার কাছে .... ১৫২

➢ শরতে আউলির রূপকথা .... ১৫৭

➢ সবুজ-সাদার সামিয়ানায় হরশিল .... ১৬০

➢ নেপালে কয়েকটা দিনের স্মৃতি .... ১৬৬

➢ সবুজের সমারোহে ঘেরা পাহাড়-অরণ্যে সফেদ জলধারা .... ১৭৩

➢ টাবো : প্রকৃতি যেখানে ভাস্কর .... ১৭৮

➢ ঐতিহ্যের অমরকন্টক .... ১৮৫

➢ প্রাকৃতিক প্রাচুর্যে ভরপুর : তুঙ্গনাথ ও চোপতা .. ১৯০

➢ রহস্য- রোমাঞ্চে ভরপুর কামাখ্যা .. ১৯৫

➢ বিস্মিত করে, আশ্চর্য হতে হয় .. ১৯৯